

এসএমইএসপিডি সার্কুলার লেটার-০৩

বৈশাখ ২৯, ১৪২৭
তারিখঃ-----
মে ১২, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই
(CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে ।

শিরোনামোক্ত বিষয়ে এপ্রিল ১৩, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। উক্ত সার্কুলারের ২(ঘ) নং অনুচ্ছেদে বর্ণিত রয়েছে যে, মাঝারি শিল্পে ঋণ/বিনিয়োগ গ্রহিতার ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের **Guidelines on Internal Credit Risk Rating System for Banks (ICRRS)** অনুযায়ী সর্বশেষ সমাপ্ত হিসাব বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণীর তথ্যের ভিত্তিতে রেটিং ন্যূনতম **Marginal** হতে হবে ।

০৩। **COVID-19** প্রাদুর্ভাবের কারণে দাপ্তরিক কার্যক্রম সীমিত হয়ে পড়ায় ব্যাংক কর্তৃক **ICRRS** এর মাধ্যমে গ্রাহকের রেটিং কার্যক্রম সম্পূর্ণ করার জন্য সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহিতা কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্রাদি সরবরাহে বিলম্ব সৃষ্টি হওয়ার প্রেক্ষিতে **ICRRS** এর কাজ সম্পাদন করা সময় সাপেক্ষ হয়ে দাঁড়িয়েছে ।

০৪। বর্ণিত অবস্থায় মাঝারি শিল্পের আওতায় তাদের উৎপাদন/সেবা কার্যক্রম পুনরায় দ্রুত চালু করার লক্ষ্যে শুধুমাত্র আলোচ্য প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে **ICRRS** অনুযায়ী রেটিং কার্যক্রম সম্পূর্ণ না করে ব্যাংক কর্তৃক ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান করা যাবে । তবে, প্রতিটি ব্যাংক বিদ্যমান নিজস্ব নীতিমালার আওতায় ঋণ ঝুঁকি বিশ্লেষণপূর্বক ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে গ্রাহক নির্বাচন করবে ।

০৫। উল্লেখ্য ইতোপূর্বে জারিকৃত নির্দেশনানুযায়ী খেলাপী ঋণ/বিনিয়োগ গ্রহিতাগণ এ প্যাকেজের আওতায় ঋণ/ বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবেন না । এছাড়াও কোন ঋণ/বিনিয়োগ গ্রহিতা প্রতিষ্ঠানের কোন ঋণ/বিনিয়োগ মন্দ/ক্ষতিজনকমানে শ্রেণীকৃত হওয়ার পর ০৩(তিন) বারের অধিক পুনঃতফসিলকৃত হলে এরূপ ঋণ/বিনিয়োগ গ্রহিতা প্রতিষ্ঠানও এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবেন না ।

০৬। এতদ্ব্যতীত এসএমইএসপিডি সার্কুলার-০১, তারিখ ১৩/০৪/২০২০ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে ।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে ।

আপনাদের বিশ্বস্ত,



(লীলা রশিদ)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২